রেজিস্টার্ড নং ডি এ-১ — ২০২৪ সনের ২০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১৬, ২০২৪


## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৫৫—২৬৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৬৩৩—৭১৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৮৯—৪৩১ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলিসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ মাঘ ১৪৩০/২৩ জানুয়ারি ২০২৪

**নং ১৭.০০.০০০০.০৮৩.২৭.০০১.২৩.০৯**—যেহেতু জনাব মোঃ সাইফুল ইসলাম (১০৭০৫০১২), পরিচালক (প্রশিক্ষণ), নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা (প্রাক্তন : আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী) জাতীয় সংসদ ৩৩ গাইবান্ধা-০৫ শূন্য আসনের নির্বাচন-২০২২ এর রিটার্নিং অফিসার হিসেবে নিযুক্ত ছিলেন;

যেহেতু, গত ১২ অক্টোবর ২০২২ তারিখে জাতীয় সংসদ ৩৩ গাইবান্ধা-০৫ শূন্য আসনের নির্বাচনে ভোট গ্রহণ চলাকালে সিসি ক্যামেরা'র লাইভ ফুটেজে ভোট কেন্দ্রে ব্যাপক অনিয়ম দৃষ্টে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক উক্ত নির্বাচনি এলাকার ভোট গ্রহণ বন্ধ ঘোষণা করা হয়;

যেহেতু, রিটার্নিং অফিসার হিসাবে নির্বাচন পরিচালনার সার্বিক দায়িত্ব তার ওপর অর্পিত থাকা সত্ত্বেও নির্বাচনি অনিয়ম সংঘটিত হওয়ায় দায়িত্ব পালনে অবহেলার অভিযোগে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর ধারা ৫ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর দায়ে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০২/২০২৩ রুজু করা হয়;

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগনামায় তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে নির্ধারিত সময়সীমায় তিনি জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করায় ১৯ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে তার শুনানি গ্রহণ করা হয়;


মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

যেহেতু, কারণ দর্শানোর জবাবে এবং ব্যক্তিগত শুনানিতে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা অস্বীকার করতঃ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার মৌখিক ও লিখিত বক্তব্য পর্যালোচনান্তে ন্যায় বিচারের স্বার্থে মামলাটি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিধি মোতাবেক তদন্তকারী কর্তকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেছেন;

সেহেতু, জনাব মোঃ সাইফুল ইসলাম (১০৭০৫০১২), পরিচালক (প্রশিক্ষণ), নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা (প্রাক্তনঃ আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী) এর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ক) অনুযায়ী তাকে বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। তাকে ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনের ক্ষেত্রে আরো সতর্কতা অবলম্বনের নির্দেশ প্রদান করা হলো। একই সাথে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০২/২০২৩ নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ জাহাংগীর আলম**
সচিব।

---

## জাতীয় রাজস্ব বোর্ড
## [কাস্টমসঃ রপ্তানি ও বণ্ড শাখা]

### প্রজ্ঞাপন

তারিখ: ১৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ/২৯ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৫/২০২৪/কাস্টমস/৬২**—The Custmos Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিপ্লোমেটিক বণ্ডেড ওয়্যারহাউস প্রতিষ্ঠান মেসার্স ঢাকা ওয়্যার হাউস লিমিটেড (বণ্ড লাইসেন্স নং-৭/কাস-এসবিডব্লিউ/১৯৮১, তারিখ : ১১/০৪/১৯৮১ খ্রি.) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করিল, যথা :—

| প্রতিষ্ঠানের নাম | নির্ধারিত আমদানি প্রাপ্যতার পরিমাণ |
|---|---|
| মেসার্স ঢাকা ওয়্যার হাউস লিমিটেড | ৬,০০.০০০.০০ (ছয় লক্ষ) মার্কিন ডলার |

২। উল্লেখ্য যে, বর্ণিত প্রাপ্যতা হতে ২০২৩-২০২৪ অর্থবছরের আলোচ্য প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্রের ভিত্তিতে আমদানিকৃত ২,৭৫,৮৬০.০০ মার্কিন ডলার সমন্বয় করতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
**এইচ এম আহসানুল কবীর**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বণ্ড)।

## জনপ্রশাসন মন্ত্রণালয়
## উদ্বৃত্ত কর্মচারী গবেষণা কোষ

### প্রজ্ঞাপন

তারিখ: ৭ পৌষ ১৪৩০/২১ জানুয়ারি ২০২৪

**নং ০৫.০০.০০০০.২১২.১৪.০১৩.২২-১১**—জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক উদ্বৃত্ত কর্মচারী আত্তীকরণ ও শূন্য পদে নিয়োগের ছাড়পত্র প্রদান সংক্রান্ত কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে Clearance and Absorption Software (CAS) শীর্ষক একটি Software প্রস্তুতের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/প্রশাসনিক বিভাগ/জেলা থেকে প্রাপ্ত পদের তথ্য/প্রমাণক যাচাই-বাছাইঅন্তে যে সকল সমস্যা চিহ্নিত হবে তা গুচ্ছভুক্ত (Clustering) করে প্রয়োজনীয় সমাধানের লক্ষ্যে নির্দেশক্রমে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো :

(ক) **কমিটি গঠন :**

| | |
|---|---|
| **আহ্বায়ক** | |
| ১ | অতিরিক্ত সচিব (সওব্য), জনপ্রশাসন মন্ত্রণালয় |
| **সদস্যবৃন্দ** | |
| ২ | প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ (যুগ্মসচিব পদমর্যাদার কর্মকর্তা) |
| ৩ | প্রতিনিধি, অর্থ বিভাগ (যুগ্মসচিব পদমর্যাদার কর্মকর্তা) |
| ৪ | যুগ্মসচিব (সওব্য-১/২/৩ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয় |
| ৫ | উপসচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় |
| **সদস্য-সচিব** | |
| ৬ | গবেষণা কর্মকর্তা, উদ্বৃত্ত কর্মচারী গবেষণা কোষ, জনপ্রশাসন মন্ত্রণালয় |

(খ) **কমিটির কার্যপরিধি :**

(১) 'জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক উদ্বৃত্ত কর্মচারী আত্তীকরণ ও শূন্য পদে নিয়োগের ছাড়পত্র প্রদান সংক্রান্ত কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে Clearance and Absorption Software (CAS)' শীর্ষক একটি Software প্রস্তুতের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/প্রশাসনিক বিভাগ/জেলা থেকে প্রাপ্ত পদের তথ্য/প্রমাণক যাচাই-বাছাইঅন্তে সমস্যাসমূহ চিহ্নিতপূর্বক তা গুচ্ছভুক্ত (Clustering) করে সমাধানের সুপারিশ প্রদান;

(২) কমিটি প্রয়োজনে যে কোনো কর্মকর্তা/ব্যক্তিকে কমিটির সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানাতে পারবে; এবং

(৩) কমিটি প্রয়োজন অনুযায়ী একাধিকবার বৈঠকে মিলিত হবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**নাসিমা ইয়াসমিন**
গবেষণা কর্মকর্তা।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**পরিকল্পনা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১০ মাঘ ১৪৩০/২৪ জানুয়ারি ২০২৪

**নং ০৫.০০.০০০০.২০৭.১৪.০০৫.২১(অংশ-৩)-২৭**—জন-প্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন "জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি প্রতিষ্ঠা (৩য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রস্তাব মূল্যায়ন কমিটি (PEC) নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো :

| | |
|---|---|
| **সভাপতি** | |
| ১ | ড. সুভাষ চন্দ্র বিশ্বাস, অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় |
| **সদস্যবৃন্দ** | |
| ২ | গণপূর্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী |
| ৩ | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের একজন প্রতিনিধি |
| ৪ | এলজিইডি-এর একজন প্রতিনিধি |
| ৫ | জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় |
| ৬ | স্থাপত্য অধিপ্তরের একজন প্রতিনিধি |
| **সদস্য-সচিব** | |
| ৭ | উপ-প্রকল্প পরিচালক, "জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমী প্রতিষ্ঠা (৩য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প |

**(PEC) কমিটির কার্যপরিধি :**

প্রকল্পের আরডিপিপি'র সংস্থান, বিদ্যমান আর্থিক বিধি-বিধান অনুসরণ ও এ বিষয়ে গঠিত কারিগরি কমিটির গত ২৫-০৯-২০২৩ তারিখে দাখিলকৃত প্রতিবেদনের আলোকে Phase-B: Supervision & Monitoring কাজের প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য চুক্তিমূল্য অপরিবর্তিত রেখে চুক্তি সংশোধনের লক্ষ্যে প্রস্তাব মূল্যায়ন করে সুপারিশ প্রদান করবেন।

**একেএম আবুল কালাম আজাদ**
যুগ্মসচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৩ মাঘ ১৪৩০/১৭ জানুয়ারি ২০২৪

**নং ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৩.২৩-৩৪**—যেহেতু, জনাব কামাল মোহাম্মদ রাশেদ (পরিচিতি নম্বর : ১৫৯৪১), প্রাক্তন সহকারী ভূমি সংস্কার কমিশনার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা বর্তমানে উপপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক ভূমি সংস্কার বোর্ডে কর্মরত থাকাকালে পণ্য ও সেবা ক্রয় সংক্রান্ত বিদ্যমান আইন ও বিধির নির্দেশনা উপেক্ষা করে শাখা-২ (সেবা শাখা) এর কর্মকর্তা হিসেবে গাড়ী ভাড়া সেবা সংগ্রহ করা এবং তিনি সর্বনিম্ন দরদাতা হিসেবে গাড়ী ভাড়া সেবা ক্রয়ের জন্য সুপারিশকৃত ওহী ট্রান্সপোর্টেশন এন্ড রেন্ট-এ-কার এর স্বত্ত্বাধিকারী মিস সাদিয়া আফরিন-এর স্বামী হওয়ায় বিষয়টির সাথে তাঁর সরাসরি ব্যক্তিস্বার্থ জড়িত থাকা এবং চুক্তির শর্তানুয়ায়ী ভাড়া গাড়ির ক্ষেত্রে হালনাগাদ ড্রাইভিং লাইসেন্সসহ ড্রাইভার নিয়োগের বিধান থাকা সত্ত্বেও ওহী ট্রান্সপোর্টেশন এন্ড রেন্ট-এ-কার এর স্বত্ত্বাধিকারীর নিকট থেকে কোনো ড্রাইভার গ্রহণ না করে ভাড়ার গাড়ি দুইটি বোর্ডের আওতাধীন ভাওয়াল এস্টেট, ঢাকা নবাব এস্টেট ও বোর্ডের কর্মহীন ড্রাইভারদের মাধ্যমে চালনা করে ওহী ট্রান্সপোর্টেশন এন্ড রেন্ট-এ-কার এর স্বত্ত্বাধিকারী মিস সাদিয়া আফরিন-এর দাখিলকৃত বিল অনুয়ায়ী ড্রাইভারদের বেতন ও ওভারটাইম পরিশোধ করা এবং ওহী ট্রান্সপোর্টেশন এন্ড রেন্ট-এ-কার এর স্বত্ত্বাধিকারী তার স্ত্রী হওয়ায় প্রকারান্তরে নিজেই উক্ত অর্থ আত্মসাৎ করার পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ', ও 'দুর্নীতিপরায়ণতা'-এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং,

যেহেতু জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩০ মার্চ ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৩.২৩(বিমা)-১০৪ নম্বর স্মারকমূলে অভিযুক্ত কর্মকর্তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয় এবং একইসাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কি না জানতে চাওয়া হয়; এবং,

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব কামাল মোহাম্মদ রাশেদ (পরিচিতি নম্বর : ১৫৯৪১) লিখিতভাবে কারণ দর্শানোর জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির অনুরোধ করলে ০৮ জুন ২০২৩ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় ও অভিযোগের বিষয়ে তদন্তের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু তদন্তকারী কর্মকর্তা গত ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতে উল্লেখ করেন যে, জনাব কামাল মোহাম্মদ রাশেদ (পরিচিতি নম্বর : ১৫৯৪১)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ', এর অভিযোগ প্রমাণিত হয়েছে এবং একই বিধিমালার ৩(ঘ) বিধি মোতাবেক 'দুর্নীতিপরায়ণতা',-এর অভিযোগ প্রমাণিত হয়নি; এবং,

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার জবাব, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মকর্তা জনাব কামাল মোহাম্মদ রাশেদ (পরিচিতি নম্বর : ১৫৯৪১) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (**শৃঙ্খলা** ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের প্রকৃতি ও গুরুত্ব বিবেচনায় তাঁকে 'তিরস্কার' দণ্ড প্রদান করা সমীচীন বলে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব কামাল মোহাম্মদ রাশেদ (পরিচিতি নম্বর : ১৫৯৪১), প্রাক্তন সহকারী ভূমি সংস্কার কমিশনার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা বর্তমানে উপপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়-কে তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ'-এর অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) বিধি অনুযায়ী 'তিরস্কার' সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ মাঘ ১৪৩০/২৯ জানুয়ারি ২০২৪

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২১.১৭.১৯**—প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০ এর ধারা ১১(২) অনুযায়ী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়-এর সচিব জনাব মোঃ রুহুল আমিন-কে তাঁর বর্তমান পদে কর্মরত থাকাকালীন মেয়াদে প্রবাসী কল্যাণ ব্যাংক-এর পরিচালনা বোর্ডে পরিচালক ও চেয়ারম্যান হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ: ০৩ মাঘ ১৪৩০/১৭ জানুয়ারি ২০২৪

**নং ১০.০০.০০০০.১৩০.১১.০৯৩.২৩.০২১**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে গাইবান্ধা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ মিজানুর রহমান মন্ডল, পিতা-ইউসুফ আলী মন্ডল, মাতা-মোসাঃ মাহমুদা বেগম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ-এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964 এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ: ১৬ মাঘ ১৪৩০/৩০ জানুয়ারি ২০২৪

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০০২.২৩.২১**—The Christan Marriage Act, 1872 এর Section-7 এ প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার (জনাব পাষ্টর আইজ্যাক দিপ্তী হালদার, জন্ম তারিখ : ১৫-১১-১৯৮০ খ্রি., পিতা-সুনীল কুমার হালদার, মাতা-কমলিনী হালদার, গ্রাম-নারিকেলবাড়ী, ডাকঘর-নারিকেলবাড়ী, থানা-কোটালীপাড়া, জেলা-গোপালগঞ্জ।) আপনাকে পূর্ব রামশীল ব্যাপ্টিষ্ট চার্চ, কোটালীপাড়া, গোপালগঞ্জ এর অধীন খ্রিষ্টান সম্প্রদায়ের ম্যারিজ রেজিস্ট্রেশনের জন্য লাইসেন্স প্রদান করলো :

২। এই আইন ও এর অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হবে।

৩। সরকার কর্তৃক বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করতে পারবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৭ মাঘ ১৪৩০/২১ জানুয়ারি ২০২৪

**নং ৩৮.০০.০০০০.০০১.১৫.০০৩.২৪.৪৫**—প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০১-২০১২ তারিখের প্রাগম/প্রশা-১/নিয়মিতকরণ-২(নোরাড আইডিয়াল)/২০০৮-৫১ নং প্রজ্ঞাপন, ১৬-০১-২০১২ তারিখের প্রাগম/প্রশা-১/নিয়মিতকরণ-২(নোরাড আইডিয়াল)/২০০৮-৫২ নং প্রজ্ঞাপন, ৩১-০১-২০১২ তারিখের প্রাগম/প্রশা-১/নিয়মিতকরণ-২(নোরাড/আইডিয়াল)/২০০৮-১০৬ নং প্রজ্ঞাপন, ২৬-০২-২০১২ তারিখের প্রাগম/প্রশা-১/নিয়মিতকরণ-২(নোরাড/২০০৮-১৭৯ নং প্রজ্ঞাপন, ২৪-০৪-২০১২ তারিখের প্রাগম/প্রশা-১/নিয়মিতকরণ-২ (নোরাড/আইডিয়াল)/ ২০০৮-৩৫৮ নং প্রজ্ঞাপন ১০-১০-২০১৩ তারিখের ৩৮.০০১. ০১৫.০০.০০. ০১৯.২০১২-১০০৬ নং প্রজ্ঞাপন, ২৮-০১-২০১৫ তারিখের ৩৮.০০১.০১৫.০০.০০.০১৯.২০১২-০৮৯ নং প্রজ্ঞাপন এবং ২৫-০৩-২০১৫ তারিখের ৩৮.০০১.০১৫.০০.০০.০১৯. ২০১২-২৮০ নং প্রজ্ঞাপনমূলে নিয়মিতকরণকৃত উপজেলা/থানা রিসোর্স সেন্টারের ইন্সট্রাক্টরগণের চাকরি নিয়মিতকরণ রাজস্বখাতে পদায়নের তারিখ অর্থাৎ ২৪-১১-২০০৫ তারিখ হিসেবে সংশোধন করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল মালেক**
উপসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
শৃঙ্খলা-**২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১১** মাঘ **১৪৩০**/২৫ জানুয়ারি ২০২৪

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.১২৯.২৩-৪৮**—যেহেতু, জনাব মোঃ ফরিদ উদ্দিন খন্দকার, পিপিএম(বিপি-৬৮৯৩০৫৩৫৪৮), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, বর্তমানে এসবি, ঢাকায় কর্মরত ইতঃপূর্বে অফিসার ইনচার্জ, সদর মডেল থানা, কক্সবাজার জেলায় কর্মকালে তার অধিনস্থ এসআই (নিরস্ত্র) শেখ মোঃ সাইফুল আলম, কক্সবাজার সদর মডেল থানার মামলা নং-১৬/১৬, তারিখ ০৪-০১-২০১৯ তদন্ত শেষে অভিযোগপত্র নং-৭৫৮, তারিখ : ২৫-০৮-২০১৯ দাখিল করেন। বিজ্ঞ আদালতে প্রেরিত তদন্ত প্রতিবেদনের ২য় পাতায় দুটি Paragraph এ যে বক্তব্য ও ভাষা বর্ণনা করেছেন অভিযোগপত্রের ৩য় পাতায় দুটি Paragraph এ হুবুহু একই বক্তব্য ও ভাষা বর্ণনা করেছেন। অভিযোগপত্রে সাক্ষীর কলাম সম্পূর্ণ করেননি। তদন্তকারী কর্তকর্তার দায়সারা ও ত্রুটিপূর্ণ তদন্ত প্রতিবেদন তিনি (অভিযুক্ত কর্মকর্তা) অগ্রবর্তী করেন। তার বিরুদ্ধে আনীত বর্ণিত অভিযোগ প্রাথমিক অনুসন্ধানে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ক) অনুযায়ী 'তিরস্কার' দণ্ডাদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ২৬-১২-২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে প্রদত্ত দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় অভিযুক্ত কর্মকর্তা বর্ণিত বিষয়ে বিজ্ঞ আদালতে আপিল করলে বিজ্ঞ আদালত পূর্বের আদেশটি রহিত করেন;

৪। যেহেতু, জনাব মোঃ ফরিদ উদ্দিন খন্দকার, পিপিএম (বিপি-৬৮৯৩০৫৩৫৪৮), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, বর্তমানে এসবি, ঢাকায় কর্মরত-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ক) মোতাবেক প্রদত্ত "তিরস্কার" দণ্ডাদেশ উক্ত বিধিমালার ২১ বিধি অনুসারে সার্বিক বিবেচনায় মওকুফ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ**
সিনিয়র সচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**পর্যটন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ মাঘ ১৪৩০/০৫ ফেব্রুয়ারি ২০২৪

**নং ৩০.০০.০০০০.০১৫.১১.০০১.২০.২৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল) এর পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মনোজ কুমার রায়, অতিরিক্ত সচিব (পর্যটন)-এর স্থলে অতিরিক্ত সচিব জনাব ফাতেমা রহিম ভীনা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-কে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম মন্ডল**
উপসচিব।

---

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
**বন অধিশাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ মাঘ ১৪৩০/০৪ ফেব্রুয়ারি ২০২৪

**নং ২২.০০.০০০০.০৬৬.৩২.০২৫.১৪.২৪**—নন-ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা, ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভিাগ, অর্থ মন্ত্রণালয় এর ১০ জানুয়ারি ২০২৪ তারিখের ০৭.০০. ০০০০.১৪৫.২২.০০৫.২১.৯ নম্বর স্মারকে সম্মতি প্রদানের পরিপ্রেক্ষিত সামাজিক বন বিভাগ, দিনাজপুর এর আওতাধীন নবাবগঞ্জ ও ধর্মপুর জাতীয় উদ্যানদ্বয়ের প্রবেশ ফি/গাড়ি পার্কিং ফি/ফিল্ম তৈরী/বিশ্রামাগার ভাড়া/পিকনিক স্পট ব্যবহার ফি নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো :

| উদ্যানের নাম | ক্রম নং | সেবার বিবরণ | | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত ফি (টাকায়) |
|---|---|---|---|---|
| | | খাতের নাম | ক্যাটাগরী | |
| নবাবগঞ্জ জাতীয় উদ্যান | ১ | প্রবেশ ফি | (ক) প্রাপ্ত বয়স্ক (জনপ্রতি) | ৩০ |
| | | | (খ) অপ্রাপ্ত বয়স্ক (১২ বছরের নীচে) ও পরিচয় পত্রধারী ছাত্র/ছাত্রী (জন প্রতি) | ১০ |

| উদ্যানের নাম | ক্রম নং | সেবার বিবরণ | | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত ফি (টাকায়) |
|---|---|---|---|---|
| | | খাতের নাম | ক্যাটাগরী | |
| | ২ | গাড়ি পার্কিং ফি | (ক) রিক্সা/ভ্যান/বাই-সাইকেল | ৫ |
| | | | (খ) মোটর সাইকেল | ২০ |
| | | | (গ) বেবী টেক্সি/ব্যাটারিচালিত রিক্সা/ভ্যান | ৩০ |
| | | | (ঘ) কার/মাইক্রোবাস/জীপ/পিক-আপ | ২০০ |
| | | | (ঙ) মিনি বাস | ২০০ |
| | | | (চ) বড় বাস/ট্রাক | ৩০০ |
| | ৩ | ফিল্ম তৈরী | (ক) সর্ট ফিল্ম ডকুমেন্টরী তৈরী | ১,০০০ |
| | | | (খ) নাটক/টেলিফিল্ম স্যুটিং | ২,০০০ |
| | | | (গ) সিনেমা স্যুটিং | ৩,০০০ |
| | ৪ | নবাবগঞ্জ বন বিশ্রামগার ভাড়া | (ক) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তাদের জন্য (প্রতি কক্ষ) | ৪০০ |
| | | | (খ) বেসরকারি ব্যক্তিদের জন্য (প্রতি কক্ষ) | ৮০০ |
| | ৫ | পিকনিক স্পট ব্যবহার ফি | | ২,০০০ |
| | ৬ | টয়লেট ব্যবহার ফি (জন প্রতি) | | ৫ |
| ধর্মপুর জাতীয় উদ্যান | ১ | প্রবেশ ফি | (ক) প্রাপ্ত বয়স্ক (জন প্রতি) | ৩০ |
| | | | (খ) অপ্রাপ্ত বয়স্ক (১২ বছরের নীচে) ও পরিচয় পত্রধারী ছাত্র/ছাত্রী (জন প্রতি) | ১০ |
| | ২ | গাড়ি পার্কিং ফি | (ক) রিক্সা/ভ্যান/বাই-সাইকেল | ৫ |
| | | | (খ) মোটর সাইকেল | ২০ |
| | | | (গ) বেবী টেক্সি/ব্যাটারিচালিত রিক্সা/ভ্যান | ৩০ |
| | | | (ঘ) কার/মাইক্রোবাস/জীপ/পিক আপ | ২০০ |
| | | | (ঙ) মিনিবাস | ২০০ |
| | | | (চ) বড় বাস/ট্রাক | ৩০০ |
| | ৩ | ফিল্ম তৈরী | (ক) সর্ট ফিল্ম ও ডকুমেন্টরী তৈরী | ১,০০০ |
| | | | (খ) নাটক/টেলিফিল্ম স্যুটিং | ২,০০০ |
| | | | (গ) সিনেমা স্যুটিং | ৩,০০০ |
| | ৪ | ধর্মপুর বন বিশ্রামাগার ভাড়া | (ক) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতষ্ঠানের কর্মকর্তাদের জন্য (প্রতি কক্ষ) | ৪০০ |
| | | | (খ) বেসরকারি ব্যক্তিদের জন্য (প্রতি কক্ষ) | ৮০০ |

| উদ্যানের নাম | ক্রম নং | সেবার বিবরণ | | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত ফি (টাকায়) |
|---|---|---|---|---|
| | | খাতের নাম | ক্যাটাগরী | |
| | ৫ | পিকনিক স্পট ব্যবহার ফি | | ২,০০০ |
| | ৬ | টয়লেট ব্যবহার ফি (জনপ্রতি) | | ৫ |

২। জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপনটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**একেএম শওকত আলম মজুমদার**
উপসচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ-১**
**প্রশাসন শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ মাঘ ১৪৩০/২৮ জানুয়ারি ২০২৪

**নং ২৫.০০.০০০০.০১৯.৩২.০০২.০৭.৪৫**—চট্টগ্রাম মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা, ২০০৮ এর বিধি-৩০ ও ৩১ এবং Building Construction Act, 1952 এর ধারা ৩(২) এর বিধান মতে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের অথরাইজড অফিসারের ক্ষমতা প্রয়োগের নিমিত্ত চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের আওতাভুক্ত এলাকাকে ২টি জোন-এ বিভক্ত করে ২টি বিল্ডিং কন্সট্রাকশন কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

**বিল্ডিং কন্সট্রাকশন কমিটি-১ :**

| ক্রম | পদবি | |
|---|---|---|
| ১ | প্রধান নগর পরিকল্পনাবিদ | চেয়ারম্যান |
| ২ | নগর পরিকল্পনাবিদ-১ | সদস্য |
| ৩ | সিনিয়র আর্কিটেক্ট | ঐ |
| ৪ | নির্বাহী প্রকৌশলী (চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত) | ঐ |
| ৫ | অথরাইজড অফিসার-১ চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম। | সদস্য সচিব |

**বিল্ডি কন্সট্রাকশন কমিটি-২ :**

| ক্রম | পদবি | |
|---|---|---|
| ১ | প্রধান নগর পরিকল্পনাবিদ | চেয়ারম্যান |
| ২ | নগর পরিকল্পনাবিদ-২ | সদস্য |
| ৩ | সহকারী স্থপতি | ঐ |
| ৪ | নির্বাহী প্রকৌশলী (চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত) | ঐ |
| ৫ | অথরাইজড অফিসার-২, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম। | সদস্য সচিব |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মিজানুর রহমান**
যুগ্মসচিব।

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**শাখা-০৫**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ মাঘ ১৪৩০/২৫ জানুয়ারি ২০২৪

**নং ৩৯.০০.০০০০.০০৫.১১.১১৭.১৪.৪১**—বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ আইন, ২০১৩ (সংশোধিত ২০১৮)-এর ধারা ৫ এর উপ-ধারা (৩)এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের বোর্ডে খণ্ডকালীন সদস্য হিসেবে নিয়োগপ্রাপ্ত অতিরিক্ত সচিব জনাব রেখা রানী বালো-এর পরিবর্তে এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব জাকারিয়া-কে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের বোর্ডে খণ্ডকালীন সদস্য হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ সেলিম রেজা**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**কারিগরি শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ মাঘ ১৪৩০/২৮ জানুয়ারি ২০২৪

**নং ৫৭.০০.০০০০.০৫৩.০৪.০০৭.১৯.২১**—যেহেতু, জনাব ঋতু বণিক অপু, জুনিয়র ইন্সস্ট্রাক্টর (কম্পিউটার), শেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ ০৫-০৬-২০১৯ হতে ১৭-১২-২০১৯ তারিখ পর্যন্ত ০৬(ছয়) মাস ১২ (বার) দিন মোট ১৯৬ (একশত ছিয়ানব্বই) দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(গ) বিধিমতে পলায়নের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে তাঁর বর্তমান ও স্থায়ী ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়, কিন্তু কোনো জবাব না পাওয়ায়; এবং

২। যেহেতু, তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নিষ্পত্তির লক্ষ্যে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৭(৩) বিধিমতে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৩। যেহেতু, এতদুদ্দেশ্যে নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক ০৫-০৬-২০১৯ হতে ১৭-১২-২০১৯ তারিখ তদন্ত চলাকালীন পর্যন্ত তাঁর অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ প্রমাণিত হয়; এবং

৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিমতে "পলায়ন"-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে উক্ত বিধিমালার ৪(৩)(গ) বিধিমতে 'চাকরি হতে অপসারণ' নামক গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেওয়া হয়, কিন্ত কোনো জবাব না পাওয়ায়; এবং

৫। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিমতে "পলায়ন"-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(গ) বিধিমতে 'চাকরি হতে অপসারণ' নামক প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন-এর মতামত চাওয়া হলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব ঋতু বণিক অপু-কে 'চাকরি হতে অপসারণ' নামক গুরুদণ্ড আরোপের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত প্রাথমিক সিদ্ধান্তের সঙ্গে একমত পোষণ করে;

৬। সেহেতু, জনাব ঋতু বণিক অপু, ইন্সস্ট্রাক্টর (কম্পিউটার), শেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিমতে "পলায়ন" এর দায়ে দোষী সাব্যস্ত করে তাঁকে একই বিধিমালার ৪(৩)(গ) বিধিমতে 'চাকরি হতে অপসারণ' করা হলো।

৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. ফরিদ উদ্দিন আহমদ**
সচিব।

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**
**শাখা-৫**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ মাঘ ১৪৩০/৩১ জানুয়ারি ২০২৪

**নং ৩৯.০০.০০০০.০০৫.১১.০২০.২০.৪৫**—বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ আইন, ২০২০'-এর ধারা-৮ এর উপ-ধারা (১) মোতাবেক বিআরআইসিএম-এর পরিচালনা পর্ষদ নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো :

| | |
|---|---|
| **সভাপতি** | |
| ১ | সিনিয়র সচিব/সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় |
| **সদস্যবৃন্দ** | |
| ২ | চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ |
| ৩ | অতিরিক্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় |
| ৪ | অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয় |
| ৫ | অতিরিক্ত সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ |
| ৬ | অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ |
| ৭ | অতিরিক্ত সচিব, খাদ্য মন্ত্রণালয় |
| ৮ | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল |
| ৯ | মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন |
| ১০ | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন |
| ১১ | অধ্যাপক, কেমিকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা |
| ১২ | সভাপতি, এফবিসিসিআই |
| **সদস্য-সচিব** | |
| ১৩ | মহাপরিচালক, বিআরআইসিএম |

২। পুনর্গঠিত পরিচালনা পর্ষদ 'বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ আইন, ২০২০' এর বিধান অনুসারে প্রয়োজনীয় কার্যাবলি সম্পাদন করবে।

৩। ক্রমিক (১১) ও (১২)-এর সদস্যদ্বয় প্রজ্ঞাপন জারির তারিখ থেকে পরবর্তী ৩ (তিন) বছর মেয়াদের জন্য নিয়োগপ্রাপ্ত হবেন এবং পর্ষদের অন্যান্য সদস্যগণ পুনরাদেশ না দেয়া পর্যন্ত স্বপদে বহাল থাকবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ সেলিম রেজা**
উপসচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**সংস্থাপন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ/২৯ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৪০.০০.০০০০.০২০.৫৩.০০১.২৪-৩২**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধনী ২০১৮) এর ধারা ৩১৮(২) অনুযায়ী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উপমহাপরিদর্শক-এর কার্যালয়ের কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে কর্মক্ষেত্র বা এলাকা বা অধিক্ষেত্র নিম্নরূপভাবে নির্ধারণ করে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো :

| ক্রমিক নং | উপমহাপরিদর্শক-এর কার্যালয়ের নাম | অধিক্ষেত্র |
|---|---|---|
| ১ | উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা | ঢাকা জেলার সমগ্র এলাকা। |
| ২ | উপমহাপরিদর্শকের কার্যালয়, গাজীপুর | গাজীপুর জেলার সমগ্র এলাকা। |
| ৩ | উপমহাপরিদর্শকের কার্যালয়, নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ জেলার সমগ্র এলাকা। |
| ৪ | উপমহাপরিদর্শকের কার্যালয়, মুন্সিগঞ্জ | মুন্সিগঞ্জ জেলার সমগ্র এলাকা। |
| ৫ | উপমহাপরিদর্শকের কার্যালয়, ফরিদপুর | ফরিদপুর ও রাজবাড়ী জেলার সমগ্র এলাকা। |
| ৬ | উপমহাপরিদর্শকের কার্যালয়, নরসিংদী | নরসিংদী জেলার সমগ্র এলাকা। |
| ৭ | উপমহাপরিদর্শকের কার্যালয়, কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ জেলার সমগ্র এলাকা। |
| ৮ | উপমহাপরিদর্শকের কার্যালয়, ময়মনসিংহ | ময়মনসিংহ ও নেত্রকোণা জেলার সমগ্র এলাকা। |
| ৯ | উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল | টাঙ্গাইল জেলার সমগ্র এলাকা। |
| ১০ | উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রাম | চট্টগ্রাম জেলার সমগ্র এলাকা। |
| ১১ | উপমহাপরিদর্শকের কার্যালয়, কুমিল্লা | কুমিল্লা ও চাঁদপুর জেলার সমগ্র এলাকা। |
| ১২ | উপমহাপরিদর্শকের কার্যালয়, সিলেট | সিলেট ও সুনামগঞ্জ জেলার সমগ্র এলাকা। |
| ১৩ | উপমহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার | মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার সমগ্র এলাকা। |
| ১৪ | উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা | খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা জেলার সমগ্র এলাকা। |
| ১৫ | উপমহাপরিদর্শকের কার্যালয়, যশোর | যশোর, নড়াইল, মাগুরা ও ঝিনাইদহ জেলার সমগ্র এলাকা। |
| ১৬ | উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়া | কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা জেলার সমগ্র এলাকা। |
| ১৭ | উপমহাপরিদর্শকের কার্যালয়, বরিশাল | বরিশাল, ভোলা, পটুয়াখালি, বরগুনা, ঝালকাঠি ও পিরোজপুর জেলার সমগ্র এলাকা। |
| ১৮ | উপমহাপরিদর্শকের কার্যালয়, রাজশাহী | রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলার সমগ্র এলাকা। |
| ১৯ | উপমহাপরিদর্শকের কার্যালয়, পাবনা | পাবনা ও নাটোর জেলার সমগ্র এলাকা। |
| ২০ | উপমহাপরিদর্শকের কার্যালয়, সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ জেলার সমগ্র এলাকা। |
| ২১ | উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া | বগুড়া জেলার সমগ্র এলাকা। |
| ২২ | উপমহাপরিদর্শকের কার্যালয়, রংপুর | রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা ও নীলফামারী জেলার সমগ্র এলাকা। |
| ২৩ | উপমহাপরিদর্শকের কার্যালয়, দিনাজপুর | দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলার সমগ্র এলাকা। |
| ২৪ | উপমহাপরিদর্শকের কার্যালয়, ফেনী | ফেনী, নোয়াখালী ও লক্ষ্মীপুর জেলার সমগ্র এলাকা। |
| ২৫ | উপমহাপরিদর্শকের কার্যালয়, কক্সবাজার | কক্সবাজার জেলার সমগ্র এলাকা। |
| ২৬ | উপমহাপরিদর্শকের কার্যালয়, রাঙ্গামাটি | রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলার সমগ্র এলাকা। |
| ২৭ | উপমহাপরিদর্শকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া | ব্রাহ্মণবাড়িয়া জেলার সমগ্র এলাকা। |

| ক্রমিক নং | উপমহাপরিদর্শক-এর কার্যালয়ের নাম | অধিক্ষেত্র |
|---|---|---|
| ২৮ | উপমহাপরিদর্শকের কার্যালয়, নওগাঁ | নওগাঁ ও জয়পুরহাট জেলার সমগ্র এলাকা। |
| ২৯ | উপমহাপরিদর্শকের কার্যালয়, জামালপুর | জামালপুর ও শেরপুর জেলার সমগ্র এলাকা। |
| ৩০ | উপমহাপরিদর্শকের কার্যালয়, গোপালগঞ্জ | গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর জেলার সমগ্র এলাকা। |
| ৩১ | উপমহাপরিদর্শকের কার্যালয়, মানিকগঞ্জ | মানিকগঞ্জ জেলার সমগ্র এলাকা। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আশরাফ হোসেন**
উপসচিব।